ডা.এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহ বঙ্গবন্ধু পরিষদের স্মরণ সভা

বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা বঙ্গবন্ধু পরিষদের প্রাণশক্তি ডা. এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহে বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে বঙ্গবন্ধু পরিষদ ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এই স্মরণ সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র জননেতা সাইদুল করিম মিন্টু।

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর ডক্টর এ.এইচ.এম আকতারুল ইলামের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় কমিটির সম্মানিত সদস্য অধ্যাপক আবেদ আলী।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, জেলা বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক মোঃ হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদক ও সরকারি কৌশুলি (জি. পি) অ্যাড. বিকাশ কুমার ঘোষ, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহামুদ জন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাহিত্য সম্পাদক ও বঙ্গবন্ধু পরিষদ, ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম-সাধারণ সম্পাদক পিন্টু লাল দত্ত। আলোচনা শোষ মিলাদ ও দোয়া পরিচালনা করেন জামে মসজিদের ইমাম।

প্রধান অতিথির বক্তব্যে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন, বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনের পুরোধা ব্যক্তিত্ব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের

রাজনৈতিক সহযোদ্ধা এবং তাঁর আদর্শ ও সততার ধারক ও বাহক, মুক্তিযুদ্ধের সংগঠক বীর মুক্তিযোদ্ধা ডা. এস এ মালেকের মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গন তো বটেই, দেশের বুদ্ধিবৃত্তিক চর্চা এবং বঙ্গবন্ধুর আদর্শ প্রসার ও বিস্তারের অঙ্গনে এক অপূরণীয় ক্ষতি হয়েছে।

বক্তারা, বঙ্গবন্ধু পরিষদ-ঝিনাইদহ জেলার অগ্রযাত্রা ও কার্যক্রমে মহান ব্যক্তিত্ব ডা. এস এ মালেকের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদানকে আজকের এই স্মরণসভায় শ্রদ্ধাভরে স্মরণ করেছেন।